# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 OCTOBER 2024                    7:45—7:55 PM IST**

============================================================

(১) রাজ্যের পাঁচটি আসনের সঙ্গে আগামী ১৩ই নভেম্বর অনুষ্ঠেয় কাছাড় জেলার ধলাই বিধানসভা আসনের উপনির্বাচনের পরিপ্রেক্ষিতে কাছাড়ের জেলা নির্বাচন আধিকারিকের জেলার সব সরকারী কর্মীদের পূর্ব অনুমতি ছাড়া জেলার বাইরে না যাওয়ার নির্দেশ/

(২) স্বাস্থ্যজনিত কারণে নির্বাচনী কাজকর্ম থেকে অব্যাহতি চাওয়া সরকারি কর্মচারীদের মেডিকেল পরীক্ষা ও সার্টিফিকেট প্রদানের জন্য শিলচর মেডিকেল কলেজের বোর্ড গঠন/

(৩) আসাম লোকসেবা আয়োগের ২০২৩ বর্ষের সংযুক্ত প্রতিযোগিতামূলক (মূল) পরীক্ষার ফলাফল আজ ঘোষিত/

(৪) বিজয়া কিশোর রাহাতকার জাতীয় মহিলা কমিশনের নতুন অধ্যক্ষ নিয়োজিত/
এবং

৫) বিহুর পর রাজ্যে ঝুমুর নৃত্যের মাধ্যমে বিশ্ব রেকর্ড করার ব্যাপারে আসাম সরকারের প্রস্তুতি।

---

কাছাড় জেলার ধলাই সহ রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য গতকাল আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে এই কেন্দ্রগুলিতে সংশ্লিষ্ট জেলা প্রশাসন ও রাজনৈতিক দলগুলির মধ্যে নির্বাচন কেন্দ্রীক তৎপরতা আরম্ভ হয়ে গেছে । ধলাই, সিডলি, বঙাইগাঁও, বিহালী এবং সামুগুড়ি- এই পাঁচটি বিধানসভা আসনে আগামী ১৩ই নভেম্বর উপ-নির্বাচনের জন্য ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে । উল্লেখ্য- কাছাড় জেলার ধলাই বিধানসভা আসন থেকে নির্বাচিত বিজেপি বিধায়ক পরিমল শুক্লবৈদ্য সাম্প্রতিক লোকসভা নির্বাচনে শিলচর সংসদীয় আসন থেকে জয়লাভ করায় এই আসনটি শূন্য হয়ে পড়ে । এবং ধলাই আসনে পুনরায় নির্বাচনের প্রয়োজন দেখা দেয় ।

---

ধলাই সংরক্ষিত বিধানসভা আসনের আসন্ন উপ নির্বাচন সুষ্ঠভাবে পরিচালনার জন্য জেলা আয়ুক্ত তথা জেলা নির্বাচনী আধিকারিক কাছাড় জেলার সব ধরণের শিক্ষা প্রতিষ্ঠান, ব্যাঙ্ক অন্যান্য সরকারী এবং সরকার অধিগৃহিত প্রতিষ্ঠানের কর্মচারিদের পূর্ব অনুমতি ছাড়া জেলার বাইরে না যাওয়ার নির্দেশ দিয়েছেন । এই আদেশ নির্বাচন শেষ না হওয়া পর্যন্ত বলবৎ থাকবে । একই সঙ্গে জরুরী নির্বাচন সংক্রান্ত ডাক-পত্রের সুষ্ঠ প্রাপ্তি ও বিতরণের সুবিধার্থে, কাছাড়ের জেলা নির্বাচনী আধিকারিক অন্য এক নির্দেশ জারী করে বলেছেন যে এখন থেকে সমগ্র কাছাড় জেলার বিভিন্ন কার্যালয়ের প্রধানদের তাদের কার্যালয় চত্তর খোলা রাখতে হবে এবং নির্বাচনী প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত ছুটির দিনেও কার্যালয়ের স্কেলেটন কর্মীদের রাখতে হবে যাতে সহজে জরুরী ডাক-পত্র ইত্যাদি প্রেরণ করা যায় , এই আদেশ কার্যকর করার পদক্ষেপ হিসেবে কার্যালয় প্রধানদের যোগাযোগ নম্বর অবিলম্বে জেলা নির্বাচনী কার্যালয়ে পাঠাতে বলা হয়েছে ।

এদিকে কাছাড়ের জেলা প্রশাসন কার্যালয়ের উন্নয়ন ভবণে থাকা ভি-ডি-ও গ্রাফি এবং পাস সেল থেকে ধলাই বিধানসভা উপ-নির্বাচনের জন্য যথাসময়ে পাস ইস্যু করার সুবিধার্থে অবিলম্বে জেলার সব সরকারি আধকারিক ও কর্মচারীদের নাম ওই সেলে পাঠাতে বলেছেন। এছাড়া অন্য এক বিজ্ঞপ্তিতে ধলাই উপ-নির্বাচনের দায়িত্বে থাকা খসড়া কাজের সঙ্গে যুক্ত সংশ্লিষ্ট ব্যাক্তদের জানানো হয়েছে যে তারা পোষ্টাল ব্যালটের মাধ্যমে নিজ নিজ কেন্দ্রের ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন । এতে আরো জানানো হয়েছে যে যেসব ব্যাক্তি পোষ্টাল ব্যালট পদ্ধতির মাধ্যমে ভোট দিতে ইচ্ছুক তারা শিলচরের সদর রাজস্ব সার্কেল অফিসে থাকা পোষ্টাল ব্যালট পেপার সেল থেকে আবেদন পত্র অর্থাৎ ফর্ম নম্বর ১২ সংগ্রহ করে ভোট দানের পদ্ধতি সম্পর্কে বিস্তারিত

তথ্য জানতে পারবেন । ওই সেল প্রতিদিন বেলা ১০টা থেকে বিকেল ৫টা পর্যন্ত খোলা থাকবে । আবেদন পত্র আগামী ৮ নভেম্বরের মধ্যে জমা দেওয়া যাবে ।

---------------------------------------------------------------------------------------------

শিলচর মেডিকেল কলেজের অধ্যক্ষ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে যেসব সরকারী কর্মচারীর স্বাস্থ্য জনিত করণে নির্বাচনী কাজ-কর্ম থেকে অব্যাহতির প্রয়োজন রয়েছে তাদের মেডিকেল পরীক্ষা এবং সার্টিফিকেট প্রদানের জন্য একটি বিশেষ মেডিকেল বোর্ড গঠন করা হয়েছে । নির্বাচন সংক্রান্ত কাজ-কর্ম দ্রুত গতিতে সম্পন্ন করতেই গতকাল অনুষ্ঠিত এক বৈঠকে এই বিশেষ বোর্ড গঠনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে । এখন থেকে সপ্তাহে ২ দিন অর্থাৎ প্রতি মঙ্গলবার এবং শুক্রবার বেলা ১১টা থেকে দুপুর ২টো পর্যন্ত শিলচর মেডিকেল কলেজ হাসপাতালের প্রশাসনিক ভবণের কনফারেন্স হলে এই বিশেষ বোর্ড খোলা থাকবে । এই বোর্ড বিভিন্ন বিভাগের ২২ জন বিশেষজ্ঞ চিকিৎসকদের দ্বারা গঠন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

আসাম লোকসেবা আয়োগ আজ ২০২৩ বর্ষের সংযুক্ত প্রতিযোগিতামূলক মূল পরীক্ষার ফলাফল সমূহ ঘোষণা করেছে । গত ২৬, ২৭ এবং ২৮শে জুলাই অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ভিত্তিতে আয়োগের ওয়েবসাইটে উত্তীর্ণ প্রীক্ষার্থীদের নামের তালিকা প্রকাশ করা হয়েছে । উত্তীর্ণ পরীক্ষার্থীদের জন্য আগামী ১৩ই নভেম্বর থেকে সাক্ষাৎকার গ্রহণ করা হবে । এই সাক্ষাৎকারের বিস্তারিত সময়সূচী শীঘ্র জানানো হবে বলে কমিশন সূত্রে জানানো হয়েছে । উল্লেখ্য- আসাম লোকসেবা আয়োগ আসাম অসামরিক সেবা, আসাম পুলিশ সেবা এবং অন্যান্য সংলগ্ন সেবা সহ মোট ২৩৫টি পদের জন্য বিজ্ঞাপন প্রকাশ করেছিল । এই বিজ্ঞাপনের ভিত্তিতে প্রিলিমিনারি বা প্রারম্ভিক পরীক্ষায় ৫০ হাজারেরও বেশি প্রার্থী অবতীর্ণ হন । এরমধ্যে দুহাজার ৮৯৮ জন প্রার্থী এই পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মেইন্‌স বা মূল পরীক্ষায় অবতীর্ণ হওয়ার যোগ্যতা অর্জন করেন। এর পরবর্তীতে এর মধ্যে থেকে আজ ঘোষণা করা মেইন্‌স বা মূল পরীক্ষার ফলাফল অনুযায়ী ৭১১ জন প্রার্থী সাক্ষাৎকারের জন্যে নির্বাচিত হয়েছেন । কমিশনের উচ্চস্তরের সূত্র অনুযায়ী মৌখিক সাক্ষাৎকার শেষে আগামী ডিসেম্বর মাসের প্রথম সপ্তাহে চূড়ান্ত ফলাফল ঘোষণা হবার সম্ভাবনা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

বিজয়া কিশোর রাহাতকারকে জাতীয় মহিলা কমিশনের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে । এ সম্পর্কে মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রনালয়ের পক্ষ থেকে একটি অধিসূচনা জারী করা হয়েছে । এর আগে তিনি মহারাষ্ট্রের রাজ্য মহিলা কমিশনের

অধ্যক্ষ এবং ঔরঙ্গাবাদের মেয়র হিসেবে কার্যনির্বাহ করেছেন । একই সঙ্গে তিনি ভারতীয় জনতা পার্টীর জাতীয় সম্পাদক এবং মহিলা শাখার সভানেত্রী হিসেবেও কাজ করেছেন । মহিলা ও শিশু মন্ত্রনালয়ের ডক্টর অর্চনা মজুমদারকে জাতীয় মহিলা কমিশনের সদস্য হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে বলেও অধিসূচনায় উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

বিজয়া কিশোর রাহাতকারকে জাতীয় মহিলা কমিশনের অধ্যক্ষ হিসেবে নিযুক্তি প্রদান করা হয়েছে । এ সম্পর্কে মহিলা ও শিশু উন্নয়ন মন্ত্রনালয়ের পক্ষ থেকে একটি বিজ্ঞপ্তী জারী করা হয়েছে । এর আগে তিনি মহারাষ্ট্রের রাজ্য মহিলা কমিশনের অধ্যক্ষ এবং ঔরঙ্গাবাদের মেয়র হিসেবে কার্যনির্বাহ করেছেন । একই সঙ্গে তিনি ভারতীয় জনতা পার্টীর জাতীয় সম্পাদক এবং মহিলা শাখার সভানেত্রী হিসেবেও কাজ করেছেন । মহিলা ও শিশু মন্ত্রনালয়ের ডক্টর অর্চনা মজুমদারকে জাতীয় মহিলা কমিশনের সদস্য হিসেবে নিযুক্তি দেওয়া হয়েছে বলেও বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------

পাঁচগ্রাম টাউনশিপের পরিত্যাক্ত স্থান থেকে জনৈক মহিলার গলিত মৃতদেহ উদ্ধারকে কেন্দ্র করে ওই এলাকায় চাঞ্চল্য বিরাজ করছে । পুলিশ ইতিমধ্যেই মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্ত প্রক্রিয়া সম্পন্ন করেছে । গতকাল দুপুরে স্থানীয় একাংশ মহিলা প্রথমে মৃতদেহটি দেখে পুলিশকে খবর দেয় । পুলিশ সূত্রের উদ্ধৃতি দিয়ে আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে গত কয়েকদিন থেকে ঠান্ডাপুর এলাকার একজন মস্তিষ্ক বিকৃত মহিলা নিখোজ ছিলেন । ৫৯ বছর বয়সের রেজিয়া বেগম নামের এক মহিলাকে চারদিকে খোজ খবর করেও কোন সন্ধান পাওয়া যায় নি । গতকাল টাউনশিপে উদ্ধার হওয়া মৃতদেহটি ওই মহিলার হওয়ার সম্ভাবনা রয়েছে বলে পুলিশ অনুমান করেছিল । এদিকে পরিবারের লোকজনেরা ইতিমধ্যেই ওই মৃতদেহটি রেজিয়া বেগমের বলে নিশ্চিত করেছেন । এদিকে জেলার অতিরিক্ত পুলিশ সুপার সমীর দত্ত বরুয়া জানিয়েছেন যে পাঁচগ্রাম থানার অধীন পুরনো কাগজ কলের টাউনশিপের পরিত্যাক্ত অবস্থায় উদ্ধার হওয়া মৃতদেহের ময়নাতদন্ত এবং অন্যানা সার্টিফিকেট , রিপোর্ট এখনও পুলিশের কাছে আসে নি , ফলে এই ঘটনা হত্যা না অন্য কিছু তা এখনই নিশ্চিত করে বলা সম্ভব নয় ।

---------------------------------------------------------------------------------------------

বিহুর পর এবার ঝুমুরনৃত্যের মাধ্যমে বিশ্ব রেকর্ড গড়ার পরিকল্পনা নিয়েছে রাজ্য সরকার । এর জন্য জেলায় জেলায় প্রাথমিক প্রস্তুতি শুরু হয়েছে । এই মেগা ঝুমুর

বিনোদনী-২০২৪ আয়োজনের জন্য ইতিমধ্যেই রাজ্য সরকারের সাংস্কৃতিক বিভাগ নীতি-নির্দেশনা জারী করেছে । বিহু নৃত্যের মেগা ইভেন্টের মতই গৌহাটির সরুসোজাই ষ্টেডিয়ামে ঝুমুর বিনোদনীর মেগা ইভেন্ট অনুষ্ঠিত হবে । এই মেগা ঝুমুরের মাধ্যমে পুনরায় গিনেস বুক আব ওয়াল্ড রেকর্ডে আসামের নাম অর্ন্তভুক্ত করার প্রচেষ্টা হাতে নেওয়া হয়েছে । প্রথম পর্যায়ে এই মেগা ঝুমুর বিধানসভা ভিত্তিক প্রশিক্ষণ আগামী নভেম্বর-ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার বেসরকারী হাসপাতালগুলিতে অযোগ্য কর্মীদের নিয়োগ সংক্রান্ত বিষয় সহ জেলায় আয়ুষ্মান ভারত- প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা (এ বি- পি এম জে এ ওয়াই) এর বর্তমান অবস্থান সম্পর্কে পর্যালোচনা করার জন্য কাছাড়ের জেলা আয়ুক্তের পৌরহিত্যে আজ আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে এক বৈঠক অনুষ্ঠিত হয়েছে । বৈঠকে জেলা আয়ুক্ত মৃদুল যাদব কাছাড় জেলার সব বেসরকারী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলিকে কোনো অবস্থাতেই অযোগ্য বা দক্ষতা না থাকা লোকেদের সেসব প্রতিষ্ঠানে নিযুক্তি না দেবার কড়া নির্দেশ দিয়েছেন । তিনি একইসঙ্গে বেসরকারী স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানগুলিকে নির্দিষ্ট নিয়ম মেনে স্বাস্থ্য পরিষেবা প্রদান করতে এবং রোগীদের সঠিক চিকিৎসা প্রদানের বিষয়টি নিশ্চিত করার আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট মৃদুল যাদব ভারত-বাংলাদেশ সীমান্তের কাছাড় জেলা অংশ দিয়ে উগ্রপন্থীদের সম্ভাব্য অনুপ্রবেশ এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ সহ অবৈধভাবে চোরাচালান , গোবাদি পশু পাচার ইত্যাদি যাবতীয় আবৈধ কাজ-কর্ম রোধে ভারতীয় নাগরিক সুরক্ষা সংহীতার ১৬৩ নম্বর ধারার অধীনে আর্ন্তজাতিক সীমান্তে জারী থাকা নিষেধাজ্ঞার মেয়াদ বৃদ্ধি করেছেন । এই মর্মে প্রকাশিত বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে ভারত-বাংলাদেশ সীমান্তের কাছাড় জেলা অংশের ১ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কোন ব্যাক্তি সূর্যাস্ত থেকে সূর্যোদয় পর্যন্ত চলাফেরা করতে পারবেন না । সুরমা নদীতে বা এর তীরবর্তী এলাকায়ও ওই সময় কেউ চলাফেরা করতে পারবেন না । তবে সুরমা নদীতে মাছ ধরার জন্য স্থানীয় নাগরিকদের কাটিগড়া সার্কোল অফিসার নির্ধারিত নিয়ম-নীতির ভিত্তিতে মাছ ধরার লেসি দিতে পারবেন । এছাড়া, সীমান্তের ৫ কিলোমিটার ব্যাসার্ধের মধ্যে কেউ ঠেলা, রিক্সা বা অন্যান্য যানবাহন দিয়ে চাল, চিনি , কেরোসিন ইত্যাদি নিয়ে যেতে পারবেন না । তবে কাটিগড়া সার্কোল অফিসারের কাছ থেকে পারমিট নিয়ে এইসব সামগ্রী নিয়ে যেতে পারবেন বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে ।

এই নিষেধাজ্ঞা কেন্দ্র এবং রাজ্য সরকারের কর্মচারীদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না । এই আদেশ আজ থেকে আগামী ২ মাস বলবৎ থাকবে ।

---------------------------------------------------------------------------------

কাছাড় জেলার পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের বিভিন্ন কার্যসূচীর সফল রূপায়ণের বিষয়ে আলোচনা করতে গতকাল জেলার সকল খণ্ড উন্নয়ন আধিকারিকদের নিয়ে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব এক পর্যালোচনা বৈঠক করেছেন । জেলা আয়ুক্ত এইসব উন্নয়নমূলক প্রকল্পের কাজ সরকারের নির্দিষ্ট করে দেওয়া সময়ের মধ্যে রূপায়িত হওয়ার বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেছেন । এই বৈঠকে শ্রী যাদব পঞ্চায়েত ও গ্রামোন্নয়নের প্রকল্পগুলি রূপায়ণের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতা দেখা দিলে, সেগুলি চিহ্নিত করে তা দূর করার আহ্বান জানান । তিনি জেলার খণ্ড উন্নয়ন আধিকারিকদের সমগ্র কাছাড় জেলায় উন্নয়নমূলক প্রকল্পগুলির কাজ ত্বরান্বিত হওয়ার জন্যে তৎপর হবার আহ্বান জানান । এই বৈঠকে কাছাড় জেলা পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক এবং অতিরিক্ত জেলা আয়ুক্ত প্রণব কুমার বরা সহ অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকরা সরকারের বেঁধে দেওয়া সময়সীমার মধ্যে জেলার উন্নয়নমূলক প্রকল্প সমূহের কাজ সম্পূর্ণ করার জন্য প্রয়োজনীয় পরিকল্পনার বিষয়ে সামগ্রিকভাবে আলোচনা করেন ।

---------------------------------------------------------------------------------